রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২৯, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, প্লট-ই, ১৪-এ, আগারগাঁও, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ৩০৭-আইন/২০১৯।—ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬নং আইন) এর ধারা ১৬ তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (চ) এর পর নিম্নরূপ দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথা :—

''(চচ) **''দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা''** অর্থ কমিশন কর্তৃক নির্ধারিত কোনো কর্মকর্তা;'';

(খ) দফা (ছ) এর পর নিম্নরূপ দফা (ছছ) সন্নিবেশিত হইবে, যথা :—

''(ছছ) **''প্রবাসী''** অর্থ বিদেশে বৈধভাবে বসবাসরত বাংলাদেশী কোনো নাগরিক;'';

(২) বিধি ৪ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা :—

''(১ক) প্রবাসীদের ভোটার রেজিস্ট্রেশন করিবার ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কমিশন কর্তৃক নির্ধারিত দায়িত্ব পালন করিবেন।'';



মূল্য : টাকা ৮·০০

(৩) বিধি ৭ এর বিদ্যমান বিধান উপ-বিধি (১) হিসাবে সংখ্যায়িত হইবে এবং উক্তরূপ সংখ্যায়িত উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (২) সংযোজিত হইবে, যথা :—

"(২) প্রবাসীদের প্রবাসে ভোটার করিবার ক্ষেত্রে কমিশন বিদেশে অস্থায়ী রেজিস্ট্রেশন কেন্দ্র স্থাপন করিতে পারিবে।";

(৪) বিধি ১০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১০ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১০। **ডিজিটাল পদ্ধতিতে ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন।**—(১) কোনো এলাকার জন্য ভোটার রেজিস্ট্রেশন এবং ভোটার তালিকা প্রণয়নের উদ্দেশ্যে, রেজিস্ট্রেশন অফিসার আইনের ধারা ৭(১) এর বিধান অনুযায়ী ভোটার হইবার যোগ্য প্রত্যেক অধিবাসীর নিকট হইতে নিবন্ধন ফরম-২ এ বিধি ১২ মোতাবেক তথ্য সংগ্রহপূর্বক তাহার বায়োমেট্রিকস (ছবি, আঙ্গুলের ছাপ, আইরিশ ও স্বাক্ষর) তথ্য ডিজিটাল পদ্ধতিতে কম্পিউটারে সংরক্ষণ করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) প্রবাসীদের প্রবাসে ভোটার করিবার ক্ষেত্রে, নিবন্ধন ফরম-২ক এ তথ্য সংগ্রহপূর্বক তাহার বায়োমেট্রিকস (ছবি, আঙ্গুলের ছাপ, আইরিশ ও স্বাক্ষর) তথ্য ডিজিটাল পদ্ধতিতে কম্পিউটারে সংরক্ষণ করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন।";

(৫) বিধি ১১ এর উপ-বিধি (১০) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১০) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১০) প্রবাসীদের প্রবাসে বা দেশে ভোটার হইবার ক্ষেত্রে, তিনি সর্বশেষ যে নির্বাচনি এলাকায় বা ভোটার এলাকায় বসবাস করিয়াছেন অথবা তাহার নিজ বা পৈত্রিক বসতবাড়ী অবস্থিত ছিল বা আছে, তিনি সেই এলাকায় ভোটার হওয়ার জন্য ফরম-২ক পূরণ করিয়া রেজিস্ট্রেশন অফিসারের নিকট প্রেরণ করিতে পারিবেন বা অনলাইনে আবেদন করিতে পারিবেন।";

(৬) বিধি ২৭ এর পর নিম্নরূপ বিধি ২৭ক সংযোজিত হইবে, যথা :—

"**২৭ক। প্রবাসে খসড়া তালিকা প্রকাশ।**— (১) কোনো দেশে ভোটারদের বায়োমেট্রিকস তথ্য গ্রহণের পূর্বে প্রাপ্ত আবেদন অনুযায়ী প্রস্তুতকৃত খসড়া তালিকা সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, কনসুলেট অফিস, নির্বাচন কমিশনের ওয়েব সাইট এবং সংশ্লিষ্ট উপজেলা বা থানা নির্বাচন অফিসে প্রকাশ করা হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী প্রকাশিত খসড়া তালিকার উপর যে কোনো ব্যক্তি ৭(সাত) দিনের মধ্যে সংশোধন, সংযোজন বা বিয়োজনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করিতে পারিবেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রাপ্ত আবেদনসমূহ প্রয়োজনে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসারের সহায়তায় ৭(সাত) দিনের মধ্যে নিষ্পত্তি করিবেন।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী আবেদনসমূহ নিষ্পত্তির পর ভোটারের বায়োমেট্রিকস গ্রহণপূর্বক কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসারে ভোটার তালিকায় বা ডাটাবেইজে উক্ত ভোটারের নাম অন্তর্ভুক্ত হইবে এবং জাতীয় পরিচয়পত্র প্রদান করা হইবে। "; এবং

(৭) নিবন্ধন ফরম (ফরম-২) এর পর নিম্নরূপ নিবন্ধন ফরম (ফরম-২ক) সন্নিবেশিত হইবে, যথা:—

**নিবন্ধন ফরম (ফরম-২ক)**

[ বিধি-১০(২) দ্রষ্টব্য ]

[* চিহ্নিত তথ্যগুলো অবশ্য পূরণীয়]

ফরম নম্বর : ☐

*১। অবস্থানরত দেশের নাম : ☐

*২। নাম (বাংলায়) : ..........

*৩। নাম (ENGLISH বড় অক্ষরে) : ..........

*৪। পিতার নাম (বাংলায়) : ..........

*৫। পিতার নাম (ENGLISH বড় অক্ষরে) : ..........

৬। পিতার NID নং (প্রযোজ্য ক্ষেত্রে) : ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

অথবা ভোটার নং ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ৭। পিতা মৃত হলে মৃত্যুর সাল : ☐☐☐☐

*৮। মাতার নাম (বাংলায়) : ..........

*৯। মাতার নাম (ENGLISH বড় অক্ষরে) : ..........

১০। মাতার NID নং (প্রযোজ্য ক্ষেত্রে) : ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

অথবা ভোটার নং ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ১১। মাতা মৃত হলে মৃত্যুর সাল : ☐☐☐☐

১২। স্বামী/স্ত্রীর নাম, NID নং ও মৃত হলে মৃত্যুর সাল : (প্রযোজ্য ক্ষেত্রে)

| নাম | NID নং | | মৃত্যুর সাল |
|---|---|---|---|
| (ক)............................(ক) | | (ক) | |
| (খ)............................(খ) | | (খ) | |
| (গ)............................(গ) | | (গ) | |
| (ঘ)............................(ঘ) | | (ঘ) | |

১৩। ১৭ অংকের জন্ম নিবন্ধন নং :

*১৪। জন্ম তারিখ : দিন মাস বছর

*১৫। জন্ম স্থান (জেলা/প্রভিন্স/স্টেট) : .......... ১৬। জাতীয়তা :..........

*১৭। লিঙ্গা : ☐ পুরুষ ☐ মহিলা ☐ হিজড়া *১৮। বৈবাহিক অবস্থা : ☐ অবিবাহিত ☐ বিবাহিত ☐ তালাকপ্রাপ্ত ☐ বিধবা ☐ বিপত্নীক

*১৯। শিক্ষাগত যোগ্যতা (নির্ধারিত তালিকা অনুযায়ী) : ..........................................................................

*২০। পেশা (নির্ধারিত ৪৪) : .................................................... ২১। অসামর্থতা/প্রতিবন্ধীর প্রকৃতি (প্রযোজ্য ক্ষেত্রে √ দিন) :

☐ দৃষ্টি প্রতিবন্ধী ☐ শারীরিক প্রতিবন্ধী ☐ শ্রবণ প্রতিবন্ধী ☐ বাক প্রতিবন্ধী ☐ অন্যান্য...............

২২। দৃশ্যমান সনাক্তকরণ চিহ্ন : ..........................................................................

২৩। রক্তের গ্রুপ (যদি জানা থাকে √ দিন) : ☐ A+ ☐ A- ☐ B+ ☐ B- ☐ AB+ ☐ AB- ☐ O+ ☐ O-

দ্রষ্টব্য : পিতা/মাতা/স্বামী/স্ত্রী ২০০৭ এর পর মৃত্যুবরণ করে থাকলে ফরম-১২ পূরণ করতে হবে।

[ সংশ্লিষ্ট অফিস কর্তৃক পূরণীয় ]

নিবন্ধন স্লিপ

**(ফরম-৫)**

**[বিধি-১২ (ঘ) দ্রষ্টব্য]**

ভোটার এলাকার নম্বর : ☐☐☐☐ ফরম নম্বর : ☐

১। নাম : ....................

২। নিবন্ধন কেন্দ্র : ....................উপস্থিতির তারিখ ও সময় : ....................

৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ : ....................

*২৪। বর্তমান ঠিকানা (বাংলাদেশ) : বিভাগ : ....................জেলা : ....................উপজেলা/থানা : ....................

সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন/ক্যান্টঃ বোর্ড : .................... ওয়ার্ড নম্বর : ....................

মৌজা :....................গ্রাম/মহল্লা/রাস্তার নাম/ নম্বর :....................

বাসা/হোল্ডিং নং : ....................ডাকঘর.................... পোস্ট কোড : ☐☐☐☐

আর. এম. ও. : ☐ পল্লী ☐ পৌরসভা ☐ শহর ☐ অন্য এলাকা ☐ সিটি কর্পোরেশন

*২৫। স্থায়ী ঠিকানা (বাংলাদেশ) : বিভাগ : ....................জেলা : ....................উপজেলা/থানা : ....................

সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন/ক্যান্টঃ বোর্ড : .................... ওয়ার্ড নম্বর : ....................

মৌজা : ....................গ্রাম/মহল্লা/রাস্তার নাম/ নম্বর : ....................

বাসা/হোল্ডিং নং : ....................ডাকঘর.................... পোস্ট কোড : ☐☐☐☐

আর. এম. ও. : ☐ পল্লী ☐ পৌরসভা ☐ শহর ☐ অন্য এলাকা ☐ সিটি কর্পোরেশন

*২৬। প্রবাসের ঠিকানাঃ স্টেট/প্রভিন্স :.................................................. জেলা/সিটি :..............................

বাসা/হোল্ডিং নং : .................................................. রাস্তার নাম/ নম্বর : ..............................

জিপ কোড / পোস্ট কোড : ..................................................

২৭। TIN :

২৮। ড্রাইভিং লাইসেন্স :

*২৯। পাসপোর্ট নম্বর :

*৩০। টেলিফোন নম্বর (যোগাযোগের জন্য) : (ক) ......................(দেশ)
(খ) ......................(বিদেশ)

৩১। মোবাইল নম্বর (যোগাযোগের জন্য) : (ক) ......................(দেশ)
(খ) ......................(বিদেশ)

*৩২। ধর্ম ঃ (√ দিন) ☐ ইসলাম ☐ হিন্দু ☐ খ্রিস্টান ☐ বৌদ্ধ ☐ অন্যান্য......................

*৩৩। শনাক্তকারীর নামঃ ..................................................

*৩৪। শনাক্তকারীর NID নং :

৩৫। স্বাক্ষর : ............

৩৬। আবেদনকারীর প্রত্যয়ন :

আমি শপথ করিয়া বলিতেছি যে, আমি বাংলাদেশের নাগরিক এবং এই ফরমে বর্ণিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সম্পূর্ণ সত্য। আমি বর্ণিত ভোটার এলাকা ব্যতিত অন্য কোন ভোটার এলাকার ভোটার তালিকায় আমার নাম অন্তর্ভুক্তির জন্য এই ফরম ব্যতিত অন্য কোন ফরম পূরণ করি নাই।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি : ..............................................

**[ সংশ্লিষ্ট অফিস কর্তৃক পূরণীয় ]**

৩৭। ভোটার এলাকার নাম : ৩৮। ভোটার এলাকার নম্বর ☐☐☐☐

৩৯। যাচাইকারীর নাম : ..........................................................................................

৪০। যাচাইকারীর NID নং : ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ৪১। স্বাক্ষর :...............

৪২। রেজিস্ট্রেশন/সহকারী রেজিস্ট্রেশন কর্মকর্তার মতামত : ☐ গৃহীত ☐ গৃহীত নয়। ৪৩। স্বাক্ষর ও তারিখ : ..........................................

৪৪। আবেদনকারীর ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর (রেজিস্ট্রেশন কেন্দ্রে প্রদান করতে হবে) : আবেদনকারীর প্রত্যয়ন-কম্পিউটারে আমার সকল ডাটার সঠিক এন্ট্রি নিশ্চিত করলাম (আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি) : ........................................ তারিখ : ................................

৪৫। ডাটা এন্ট্রি অপারেটরের NID নং : ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ৪৬। স্বাক্ষর :.............

..........................................................................................................

**প্রাপ্তি রশিদ**

ডাটা এন্ট্রি অপারেটরের নাম, স্বাক্ষর ও তারিখ : ..........................................................................

নিবন্ধন স্লিপ এবং প্রাপ্তি রশিদ সংরক্ষণ করুন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ আলমগীর**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd